

প্রেস বিজ্ঞপ্তি
বাংলাদেশ আলু উপদেষ্টা বোর্ডের
৪র্থ সভা অনুষ্ঠিত।

ঢাকা, ২৩ মাঘ, ১৪২১ বঃ; ০৫ ফেব্রুয়ারি ২০১৫ খ্রিঃ

আজ মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এর সভাপতিত্বে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আলু উপদেষ্টা বোর্ডের এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনাব রমেশ চন্দ্র সেন, মাননীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-১ ও বেসরকারি প্রতিনিধি, জনাব সুকুমার রঞ্জন ঘোষ, মাননীয় সংসদ সদস্য, মুন্সিগঞ্জ-১ এবং কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়সহ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তা ও কৃষক প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভায় উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১। চাষী পর্যায় কৃষকের বাড়ীতে আলু সংরক্ষণের নিমিত্ত কার্যক্রম গ্রহণ করার জন্য জোর দেয়া হয়। এ বিষয়ে প্রয়োজনে কৃষকদের ভর্তুকি প্রদানের বিষয়ে সকলে একমত প্রকাশ করেন।

২। Salt tolerant, drought tolerant এবং বিটি আলুর জাত দ্রুত উদ্ভাবন এবং ছাড়করণের জন্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উদ্যোগ গ্রহণ করবে।

৩। বেসরকারি পর্যায়ে হিমাগারে বীজ আলু ও খাবার আলু সংরক্ষণের বিষয়ে পৃথক চেম্বার ব্যবহারসহ আলু সংরক্ষণের কারিগরি ব্যবস্থাপনায় বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন আরোও তৎপর হবে।


৪। সকল হিমাগারের জন্য বিদ্যুৎ মন্ত্রণালয়কে ২০% বিদ্যুৎ বিল রেয়াত দেয়ার বিষয়টি পুনঃবিবেচনার জন্য বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-কে অনুরোধ করা হবে।

৫। আলু রপ্তানিকে উৎসাহিত করা হবে এবং রাশিয়ায় আলু রপ্তানির ক্ষেত্রে বর্তমান ২০% প্রণোদনা বৃদ্ধি করে ২৫% করার জন্য বাণিজ্য মন্ত্রণালয় সুপারিশ গ্রহণের উদ্যোগ নিবে।

৬। শিল্পে কাঁচামাল হিসেবে আলু নির্ভর পটেটো ফ্ল্যাক্স শিল্প-কারখানাগুলোতে কাঁচামাল হিসেবে আলুর ব্যবহার বৃদ্ধি করার জন্য বেসরকারি শিল্পকে উৎসাহিত করা হবে।

৭। সরকারি-বেসরকারি সহযোগিতার মাধ্যমে আলুর গবেষণা এবং উন্নয়নের জন্য বেসরকারি সেক্টর এগিয়ে আসলে সরকার এক্ষেত্রে সহযোগিতা প্রদান করবে।

৮। আলুর অংকুরোদগম (sprouting) রোধ করার জন্য বিদেশ থেকে সিআইপিসি ক্যামিক্যাল আমদানির ক্ষেত্রে বেসরকারি পর্যায় থেকে আবেদন প্রাপ্তি সাপেক্ষে বিষয়টি দ্রুত নিষ্পত্তি করা হবে।


বিবেকানন্দ রায়

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mavivekroy07@yahoo.com